



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৮৮/উ:মা:পরী:/৭৯(অংশ-১) ১৮৬০(খ)

তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা নকলমুক্ত, সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে গ্রহণের লক্ষ্যে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষা নকলমুক্ত, সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে গ্রহণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের সভাপতিত্বে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে এক মতবিনিময় সভা নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী ঢাকা শিক্ষা বোর্ডের মিলনায়তনে (০৪ নং ভবনের ৭ম তলা) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার, সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। উক্ত মতবিনিময় সভায় সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (প্রতিনিধি নয়) উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলাসমূহ	তারিখ ও সময়
টাংগাইল, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও মানিকগঞ্জ জেলা।	১৫-০৬-২০২৬, সোমবার সকাল ১০.৩০ মি.
ঢাকা মহানগর, ঢাকা জেলা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ জেলা।	১৬-০৬-২০২৬, মঙ্গলবার সকাল ১০.৩০ মি.

বিষয়টি অতীব জরুরি।

প্রফেসর জেসমিন তাসলিমা বানু
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার সকল কেন্দ্র।

জ্ঞাতার্থে

- (১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- (২) জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- (৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন জেলার সকল উপজেলা।
- (৫) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৬) অফিস কপি।